

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৫

তারিখ: ৯ পৌষ ১৪২৮

২৪ ডিসেম্বর ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

দেশের সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২। আজ ২৪ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে রাত ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

৩। ২৪ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকা ও তৎসংলগ্ন এলাকায় মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র কোথাও কোথাও হালকা হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৫.৩	২৫.০	২৬.৬	২৫.৩	২৫.৫	২৬.৮	২৫.০	২৫.০
সর্বনিম্ন তাপমাত্রা	১২.৮	১৩.০	১১.৪	১০.৬	১০.৫	৮.৩	১১.৪	১২.২

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ২৬.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ৮.৩° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। অগ্নিকান্ডের তথ্যঃ

জেলা প্রশাসন ঝালকাঠি (টেলিফোনে) থেকে জানা যায়, ২৪ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত আনুমানিক ৩.০০ টায় ৩১০ জন যাত্রী নিয়ে ঢাকা থেকে বরগুনাগামী ‘এম ভি অভিজান-১০’ নামে একটি লঞ্চ ঝালকাঠির সুগন্ধ নদীতে চলতি পথে আগুন লাগে। ফায়ার সার্ভিস সূত্রে জানা যায় লঞ্চ থেকে ৪১ জনের মৃত দেহ উদ্ধার করা হয় এবং আহত অর্ধশতাধিক বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া ১০-১২ জন নিখোঁজ রয়েছে। তথ্য প্রাপ্তিসাপেক্ষে পরবর্তীতে বিস্তারিত প্রতিবেদন দেওয়া হবে।

৫ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০৯/১২/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশতকোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশতকোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	৯৪১২৮৯০০০/- (চুরানব্বই কোটি বার লক্ষ উননব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১১০৫২৬২১৫১১/- (এক হাজার এক শত পঁচাত্তর কোটি ছাব্বিশ লক্ষ একুশ হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৬৯,১১৮.৫১ (এক লক্ষ উনসত্তর হাজার একশত আঠার দশমিক পঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচাত্তর বিয়াল্লিশ) মেঃ টন	৬১৩,৬৬০.৫১ (ছয় লক্ষ তের হাজার ছয়শত ষাট দশমিক পঁচ এক) মে. টন

৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩৪,২৫১ (চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২১,৯৫১ (সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট
৫	ঢেউটিন	২,২১২ বাস্তিল	৩১,৮০০ বাস্তিল	৩৪,০১২ বাস্তিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৬৬,৩৬,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- টাকা	১০,২০,৩৬,০০০/- টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টুন	-	৭০০ কার্টুন

৫ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২২/১২/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	৩,৩০,৪০৫ টি	১২,৩০৪ টি	৩,৪২,৭০৯ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৬,৩৮,৬০৪ জন	৫৯,৮৯৭ জন	১৬,৯৮,৫০১ জন

৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



২৪-১২-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৫/১(৮)

তারিখ: ৯ পৌষ ১৪২৮
২৪ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২৪-১২-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা